

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার  
সংখ্যা-১০০/২০২২-২০২৩  
ময়মনসিংহ, ২৩ জানুয়ারি, সোমবার ২০২৩, ০৯ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ময়মনসিংহের ফুলপুরে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত
- ০২। জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু মঙ্গলবার
- ০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহের উদ্বোধন করলেন সিটি মেয়র
- ০৪। স্মার্ট বাংলাদেশ গড়ায় নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে: মসিক মেয়র
- ০৫। ময়মনসিংহ প্রেসক্লাবের নব-নির্বাচিত নির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ
- ০৬। সকলের কল্যাণ কামনায় আখেরি মোনাজাতের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার সমাপ্তি

**০১। ময়মনসিংহের ফুলপুরে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত**

শনিবার (২১ জানুয়ারি) ময়মনসিংহের ফুলপুর উপজেলার সিংহেশ্বর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহ পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

**০২। জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু মঙ্গলবার**

বর্তমান সরকারের সময়ে শেষ জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু হবে আগামী মঙ্গলবার (২৪ জানুয়ারি), চলবে বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) পর্যন্ত। রবিবার (২২ জানুয়ারি) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। আসন্ন দ্বাদশ জাতীয় নির্বাচনের আগে এ সম্মেলনকে বেশ গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে প্রশাসনের পক্ষ থেকে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর।

**০৩। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহের উদ্বোধন করলেন সিটি মেয়র**

ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় কৃষি নিয়ন্ত্রণ সপ্তাহ-২০২৩ এর উদ্বোধন করেছেন ময়মনসিংহ সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু। রবিবার (২২ জানুয়ারি) নগরীর বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করেন তিনি। ২২ থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত এ কার্যক্রম চলাকালীন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩৩টি ওয়ার্ডের ৫ থেকে ১৬ বছর বয়সী ১ লক্ষ ১৫ হাজার শিশুকে কৃষিনাশক ঔষধ সেবনের লক্ষ্যমাত্রা রয়েছে সিটি কর্পোরেশনের। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের খবর, দৈনিক ময়মনসিংহের কাগজ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক হৃদয়ের বাংলা।

**০৪। স্মার্ট বাংলাদেশ গড়ায় নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে: মসিক মেয়র**

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু বলেছেন, বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা স্বাধীনতা পেয়েছি। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের দিয়েছেন সমৃদ্ধি। আমাদের লক্ষ্য স্মার্ট বাংলাদেশ। এ লক্ষ্য অর্জনে নতুন প্রজন্মকে এগিয়ে আসতে হবে। রবিবার (২২ জানুয়ারি) সন্ধ্যায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সেলিম আল দ্বীন মুক্তমঞ্চে বিশ্ববিদ্যালয়ের ময়মনসিংহ জেলা ছাত্রকল্যাণ সমিতি আয়োজিত নবীনবরণ, বর্ষপূর্তি ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষার্থীদের উদ্দেশ্যে একথা বলেন মেয়র। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

**০৫। ময়মনসিংহ প্রেসক্লাবের নব-নির্বাচিত নির্বাহী পরিষদের দায়িত্ব গ্রহণ**

শনিবার (২১ জানুয়ারি) আনন্দঘন পরিবেশে ঐতিহ্যবাহী ময়মনসিংহ প্রেসক্লাবের নির্বাহী পরিষদের নব-নির্বাচিত কমিটির হাতে দায়িত্ব হস্তান্তর করা হয়েছে। ঐদিন রাতে প্রেসক্লাব মিলনায়তনে সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক মো. বাবুল হোসেন নব-নির্বাচিত সাধারণ সম্পাদক শ্রী অমিত রায় এর হাতে দায়িত্ব হস্তান্তর করেন। এসময় ক্লাব সভাপতি ও ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান উপস্থিত ছিলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ।

**০৬। সকলের কল্যাণ কামনায় আখেরি মোনাজাতের মধ্য দিয়ে বিশ্ব ইজতেমার সমাপ্তি**

সকলের কল্যাণ, দুনিয়া ও আখিরাতের শান্তি কামনায় আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হয়েছে ৫৬তম বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব। রবিবার (২২ জানুয়ারি) বেলা সোয়া ১২টা থেকে শুরু হয়ে ১২ টা ৪৪ মিনিটে শেষ হওয়া আখেরি মোনাজাত পরিচালনা করেন ভারতের মাওলানা ইউসুফ বিন সা'দ কানকলভী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের খবর ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** প্রাকৃতিক গ্যাসের দাম বাড়ানো হয়েছে শিল্প ও বাণিজ্যিক খাতে, এতে জনজীবনে সরাসরি প্রভাব না পড়লেও পরোক্ষভাবে এর প্রভাব পড়বে। প্রধানমন্ত্রী খুব দ্রুতই এই বিষয়ে হস্তক্ষেপ করবেন, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক স্বজন:** নতুন করে সীমান্ত উত্তেজনা স্বাভাবিকভাবে উদ্বেগ বাড়াবে। মিয়ানমারের এমন আচরণকে আগ্রাসন হিসাবেই দেখছে বাংলাদেশ। সীমান্তে যেকোনো পরিস্থিতি মোকাবেলার জন্য বাংলাদেশকে সতর্ক অবস্থানে থাকতে হবে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে টিসিবির বিশেষ গুরুত্ব রয়েছে। তাই টিসিবিকে আরও শক্তিশালী করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া চাই। সেক্ষেত্রে অসাধু ব্যবসায়ী চক্র সিডিকেট তৈরির মাধ্যমে কারসাজির সুযোগ পাবে না।
- (ঘ) **দৈনিক জাহান, দৈনিক দেশের খবর ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন:** আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর অবস্থান ও অভিযানের মধ্যেও জঞ্জিরা নানাভাবে নতুন করে সংগঠিত হওয়ার চেষ্টা করছে। জানা যায়, সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইনভিত্তিক অ্যাপসের মাধ্যমে যোগাযোগ স্থাপনের মধ্য দিয়ে তারা দল গঠন করে। তাই জঞ্জী রোধে অনলাইনে গোয়েন্দা নজরদারী বাড়াতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। নির্বাহী ক্ষমতার ভারসাম্য আনা প্রসঙ্গে- আবদুল লতিফ মন্ডল (দৈনিক জাহান, দৈনিক দেশের খবর, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন)
- ০২। হারিয়ে যাচ্ছে বাংলার ঐতিহ্য 'কারুশিল্প'- বুপা আক্তার পাখি। (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক হৃদয়ের বাংলা)
- ০৩। নতুন মুদ্রানীতিতে মূল্যস্ফীতির ঝুঁকি আরও বাড়বে- ড. আর এম দেবনাথ (দৈনিক স্বজন)

#